# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৬৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪) ফজর নামায ও আসর নামায শেষে মুসল্লায় বসে থাকার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في جلوس المرء في مصلاه بعد صلاة الصبح وصلاة العصر

আরবী

(حسن لغيره) و عَنْ أَبِي أُمَامَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ ، أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " لَأَنْ أَقْعُدُ أَذْكُرُ اللهَ وَأُكَبِّرُهُ وَأَحْمَدُهُ وَأُسَبِّحُهُ وَأُهَلِّلُهُ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَعْتِقَ رَقَبَتَيْنِ، مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ، وَمِنْ بَعْدِ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَعْتِقَ أَرْبَعَ رِقَابٍ مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ . رواه أحمد بإسناد حسن

বাংলা

৪৬৬. (হাসান লি গাইরিহী) আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ’’(ফজরের নামায আদায় করার পর) সূর্যাস্ত পর্যন্ত আমি বসে থেকে আল্লাহ্ তা’আলার যিকির করব, তাঁর মহত্ব বর্ণনা করব, তাঁর প্রশংসা করব, তাঁর পবিত্রতা গাইব, তাঁর উলুহিয়্যাতের ঘোষণা দিব (অর্থাৎ- আল্লাহু আকবার, আল হামদুলিল্লাহ্, সুবহানাল্লাহ্, লা-ইলাহা ইল্লাল্লাহ্ পাঠ করব) ইহা আমার নিকট ইসমাঈল (আঃ)এর বংশের দু’জন বা ততোধিক কৃতদাস মুক্ত করার চেয়ে অধিক পছন্দনীয়। আর আসরের পর থেকে সূর্যাস্ত পর্যন্ত (বসে থাকা)[1] আমার নিকট ইসমাঈল (আঃ)এর বংশের চার জন কৃতদাস মুক্ত করার চেয়ে অধিক পছন্দনীয়।’’

(হাসান সনদে ইমাম আহমাদ হাদীছটি বর্ণনা করেছেন ৫/২৫৫)

ফুটনোট

[1] . এবং যিকির-আযকারে মাশগুল থাকা..।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88246

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন